গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৪ - ৩০ জুন ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: রূপকল্প,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	০৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	০৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭-৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১১
সংযোজনী ৩: অন্য অফিসেরসঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৩-১৪
সংযোজনী ৫:ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থাকর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৮

কর্মসম্পাদনেরসার্বিকচিত্র
(Overview of the Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই),দিনাজপুর জেলায় নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন সুবিধা প্রদানের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব পালন করে আসছে। দিনাজপুর জেলার পৌর ও পল্লী এলাকায় নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর এর উপর ন্যস্ত। উপজেলা ইউনিট সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। বর্তমানে পানি সরবাহ কভারেজ ৬২% (প্রায়) এবং স্যানিটেশন কভারেজ ৮৬% (প্রায়)। বিগত ০৩ (তিন) অর্থ বছরে পল্লী এলাকায় বিভিন্ন ধরনের ৯০৩৪ টি পানির উৎস স্থাপন, ০৬টি পরীক্ষামূলক নলকূপ স্থাপন, ০৩টি উৎপাদক নলকূপ স্থাপন, ০১টি উৎপাদক নলকুপ পুনরুজ্জীবিতকরন, ০২টি পর্যবেক্ষক নলকুপ, পৌর এলাকায় ৫১ কিমি: পাইপ লাইন স্থাপন , ৯০৩৪ টি পানির নমুনা পরীক্ষাগারে পরীক্ষাকরণ, ড্রেন-০৩ কিঃমি ও সহকারী প্রকৌশলীর ০৬টি অফিস ভবন নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল বর্তমান গণতান্ত্রিক সরকার ঘোষিত প্রতি ১০ পরিবারের জন্য ১টি করে সরকারি নিরাপদ খাবার পানির উৎস স্থাপন এবং ১০০% (শতভাগ) স্যানিটেশন কভারেজ অর্জন। বর্তমানে দিনাজপুর জেলায় পানি সরবরাহ কভারেজ ৬২% (প্রায়) এবং স্যানিটেশন কভারেজ ৯০.৯০%(প্রায়)। দিনাজপুর জেলা বাংলাদেশের উত্তরাঞ্চলের একটি জেলা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে দেশের উত্তরাঞ্চলে মরু প্রবণতা দেখা দেয়ায় দিনদিন পানির স্তর নিম্ন গামী হচ্ছে। তাই এই জেলায় সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করন একটি বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান। অন্যদিকে অর্জিত অগ্রগতি টেকসই করা ও এর কার্যকারিতা বৃদ্ধিকরণও একটি বড় চ্যালেঞ্জ। যা মনিটরিংও মূল্যায়ন, তথ্য সংগ্রহ ও রংরক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমেনিশ্চিত করা সম্ভব। তদুপরি পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায় অপ্রতুল জনবল ও বাজেট বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি জনগনের জন্য সুপেয় পানির, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, দেশের প্রতিটি ইউনিয়েনে পাইপড ওয়াটার সাপ্লাই এর মাধ্যমে সুপেয় পানি ব্যবস্থা করা। স্বাস্থ্যসম্মত উন্নত মানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীত করণ।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্যপ্রধান অর্জনসমূহঃ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন – ৯০০ টি
- পল্লী এলাকায় পাইপড ওয়াটার স্কিম স্থাপন-৩টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা-১৪০০টি
- সাব-মারসিবল পাম্প স্থাপন-৫০০টি
- **কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সটিং শেড সহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নির্মাণ-১ টি (৩০%)**

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমেরূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলা/বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের -------তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিস্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

রূপকল্প ,অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১:রূপকল্প ১.জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১অভিলক্ষ্য ২.:সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র

১.৩ ১.জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর ,দিনাজপুর বিভাগ এরকর্মসম্পাদন ক্ষেত্র

১) পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা।
২) পল্লী এলাকায় পাইপড ওয়াটার স্কিম স্থাপন
৩) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নির্মাণকরণ
৪। পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি:

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড়ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;